দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি:
গাজীপুর-১৭০৩।

# নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি:, গাজীপুর-১৭০৩ এ নিম্নোক্ত পদসমূহে নির্ধারিত বেতনস্কেল এবং প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদিতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদসমূহে আবেদনের জন্য আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা, বেতনস্কেল, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো:

| ক্রমিক নং | গ্রেড | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল, ২০১৫ | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৩ | প্রধান প্রকৌশলী | ১ | ৫৬,৫০০-৭৪,৪০০/- | ন্যূনতম ৫০ বৎসর | যন্ত্রকৌশল/তড়িৎকৌশল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। বৃহৎ শিল্প প্রতিষ্ঠানে ৪র্থ গ্রেড/সমমানের পদে ২ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ২টিতে ১ম শ্রেণী/বিভাগ থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। |
| ২ | ৩ | মহাব্যবস্থাপক, উৎপাদন (ব্যাংকনোট/ আদার সিকিউরিটি প্রোডাক্টস) | ১ | ৫৬,৫০০-৭৪,৪০০/- | ন্যূনতম ৫০ বৎসর | যন্ত্রকৌশল/তড়িৎকৌশল/শিল্প উৎপাদন বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। বৃহৎ উৎপাদন/প্রকাশনা শিল্প প্রতিষ্ঠানে ৪র্থ গ্রেড/সমমানের পদে ২ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ২টিতে ১ম শ্রেণী/বিভাগ থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। |
| ৩ | ৫ | ব্যবস্থাপক, উৎপাদন (ব্যাংকনোট/আদার সিকিউরিটি প্রোডাক্টস) | ১ | ৪৩,০০০-৬৯৮৫০/- | ন্যূনতম ৪০ বৎসর | যন্ত্রকৌশল/তড়িৎকৌশল/শিল্প উৎপাদন বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। বৃহৎ উৎপাদন/প্রকাশনা শিল্প প্রতিষ্ঠানে ৬ষ্ঠ গ্রেড/সমমানের পদে ২ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ যে কোন ২টিতে ১ম শ্রেণী/বিভাগ থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। |
| ৪ | ২০ | জুনিয়র কেয়ারটেকার (সার্ভিস বয়) | ১ (সাধারণ জেলা কোটায়) | ৮২৫০-২০০১০/- | ১৮-৩০ বছর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | এসএসসি/সমমান পাশ। |

১। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষামন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে:

(ক) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে -

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে -

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণী /বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদুর্ধ্ব | ৩.৭৫ বা তদুর্ধ্ব | প্রথম শ্রেণী / বিভাগ |
| ২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণী / বিভাগ |
| ১.৬৫ বা তদুর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদুর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণী / বিভাগ |

২। `O' Level ও `A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণী/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

৩। ১, ২ ও ৩ নং ক্রমিকে উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে সকল জেলার স্থায়ী বাসিন্দারা এবং ৪ নং ক্রমিকের পদের জন্য ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ,ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবন, কক্সবাজার, বি-বাড়ীয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।

৪। **জীবন বৃত্তান্তে নিম্নে বর্ণিত তথ্যসমূহ সন্নিবেশ করতে হবে ঃ**

১। নাম ২। পিতার নাম ৩। মাতার নাম ৪। স্বামীর নাম (বিবাহিতা প্রার্থীর ক্ষেত্রে) ৫। বর্তমান ঠিকানা ৬। স্থায়ী ঠিকানা (মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা) ৭। জন্ম তারিখ ৮। বয়স (০২/০১/২০২০ তারিখে) ৯। জাতীয়তা ১০। শিক্ষাগত যোগ্যতা ১১। অভিজ্ঞতা ১২। বৈবাহিক অবস্থা ১৩। আবেদনকারীর স্বাক্ষর।

৫। **আবেদন পত্রের সাথে আবশ্যকীয় দলিলাদি ঃ**

১। সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি ২। সম্প্রতি তোলা ৪(চার) কপি (ছবির পিছনে প্রার্থীর নামসহ) পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি ৩। গেজেটেড অফিসার অথবা দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন(বাংলাদেশ) লিমিটেড অথবা বাংলাদেশ ব্যাংক এর যে কোন ২(দুই) জন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদেয় ২(দুই)টি চারিত্রিক সনদ ৪। ইউপি চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর অথবা সিটি করপোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ৫। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ৬। অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি।

৬। **আবেদনপত্র দাখিল ঃ**

আগ্রহী প্রার্থীদেরকে ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩ বরাবরে লিখিত দরখাস্ত প্রেরণ করতে হবে যা সর্বশেষ আগামী ০২/০১/২০২০ ইং তারিখ পর্যন্ত (অফিস সময়ের মধ্যে) গ্রহণ করা হবে। চাকুরীরত প্রার্থীদের তাদের স্ব-স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। খামের উপরে পদের নাম লিখতে হবে। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই এসপিসিবিএল কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে। বিজ্ঞপ্তিটি করপোরেশনের website-www.spcbl.org.bd এবং বাংলাদেশ ব্যাংকের website-www.bb.org.bd তে পাওয়া যাবে।

( মোঃ আজিজুল হক )
মহাব্যবস্থাপক(প্রশাসন)